# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd

## জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং-ঢাশিবো/বি/এপিএ/অভি:/৫৯৮; তারিখ-৩০/০৬/২০২২

বিগত ০১/০৬/২০২২ হতে ৩০/০৬/২০২২ পর্যন্ত ০২ টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়।

অভিযোগ-১

**প্রতিষ্ঠানের নাম:** বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়, তুরাগ, ঢাকা।

**অভিযোগকারীর নাম:** বিদ্যালয়ের কতিপয় শিক্ষকবৃন্দ, বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়, তুরাগ, ঢাকা।

**প্রাপ্ত অভিযোগ:** বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আব্দুস সামাদ-এর নামে বিভিন্ন দুর্নীতি প্রসঙ্গে।

**গৃহীত ব্যবস্থা:** অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ ছামিউল আলম এবং জনাব মো: মঈন উদ্দিন-এর নামে বোর্ডের ১৪/০৬/২০২২ তারিখের ঢাশিবো/বি/২৭(গ)/ঢাকা/৫৭৫ নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।

অভিযোগ-২

**প্রতিষ্ঠানের নাম:** বাড্ডা আলাতুননেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বাড্ডা, ঢাকা।

**অভিযোগকারীর নাম:** জনাব মো: মানিক মিয়া, অভিভাবক, বাড্ডা আলাতুননেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বাড্ডা, ঢাকা।।

**প্রাপ্ত অভিযোগঃ** অভিযোগ পত্রে উল্লেখ করেন যে, অত্র বিদ্যালয়ে ২০২০ সালের পর হইতে কোন নিয়মিত গভর্নিং বডি গঠন না করিয়া বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও অত্র এলাকার কুচক্রি মহল নিজেদের স্বার্থ চরিতার্থ করার স্বার্থে অত্র বিদ্যালয়ে নিয়মিত গভর্নিং বডি গঠন না করে একাধিকবার এডহক কমিটি গঠন করে বিদ্যালয়ের সকল প্রকার কার্যাদি পরিচালনা করে আসিতেছেন। যাহা অত্র বিদ্যালয়ের সকল প্রকার সুষ্ঠ পরিবেশের পরিপন্থি।

**গৃহীত ব্যবস্থাঃ** অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক জনাব মোঃ আরিফুল হক এবং সহকারী কলেজ পরিদর্শক জনাব সুশান্ত কুমার রাহা-এর নামে বোর্ডের ১৯/০৬/২০২২ তারিখের ৭৩১/ক/স্বী/৯৭/২১০৬ নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।

**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা**
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক
অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

| | |
|---|---|
| ১. সচিব | ২. প্রনি |
| ৩. কনে | বিদ্যালয় |
| ৫. উপ- (বৃত্তি) | ৬. উপ-পনি (সনদ) |
| ৭. উপ-সচিব (প্রশাঃ) | ৮. পিএস |

তারিখ ঃ ২২/০৩/২০২২

বরাবর

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয় ঃ অর্থ আত্মসাৎ ও দুর্নীতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন।

জনাব

যথাবিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা বাউনিয়া আবদুল জলিল উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা বৃন্দ। আপনার সদয় অবগতির জন্য জানাইতেছি যে, বাউনিয়া আবদুল জলিল উচ্চ বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষক মোঃ আব্দুস সামাদ (Index: D276650) বিদ্যালয়ের দায়িত্ব গ্রহণের পর অফিস সহকারী নুরুল ইসলাম গাজীর (Index: D736820) সহযোগীতায় ২০১৪ সাল হইতে দুর্নীতি শুরু করেন । আমাদের সকল শিক্ষক শিক্ষিকার ভবিষ্যৎ কল্যাণের জন্য জনতা ব্যাংক উত্তরা কর্পোরেট শাখায় প্রভিডেন্ট ফান্ড (P.F) এর জন্য প্রত্যেকের নামে পৃথক সঞ্চয়ি হিসাব খোলা হয়েছে। উক্ত প্রভিডেন্ট ফান্ডে (P.F) ২০১৪ সাল হতে ২০১৯ সাল পর্যন্ত ৬ বছরে প্রায় ১৫,০০,০০০/= (পনের লক্ষ) টাকা জমা না দিয়ে প্রধান শিক্ষক মোঃ আব্দুস সামাদ ও অফিস সহকারী নুরুল ইসলাম গাজী যোগসাজে আত্মসাৎ করেছে। বিষয়টি দীর্ঘদিন গোপন ছিল। একজন শিক্ষক ব্যাংক স্টেটমেন্ট তুলে আনলে বিষয়টি সবার নজরে আসে। উক্ত বিষয়ে বর্তমান প্রধান শিক্ষকের নিকট জানতে চাইলে তিনি কোন উত্তর দিতে পারেন না। এই দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ করতে গেলে তিনি চাকরি হারানোর ভয় দেখান এবং শাসান। আরো উল্লেখ থাকে যে, ১ বছর যাবত সকল শিক্ষক ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের বেতন দেওয়া হয় না এতে প্রায় ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা। বেতন চাওয়া হলে করোনা কালিন অযুহাত দেখায়। কিন্তু করোনা কালিন সময়ে ছাত্রছাত্রীদের নিকট হতে বেতন ঠিকই আদায় করা হয়েছে। আবার ২০২০ সালে স্টুডেন্ট আইডি কার্ড বাবদ প্রতি স্টুডেন্টের নিকট হতে ১০০/= (একশত) টাকা করে ১২০০ স্টুডেন্টের নিকট হতে (১২০০x১০০) = ১,২০,০০০/= এক লক্ষ, বিশ হাজার টাকা উত্তোলণ করেছে। অধ্যবদি তাদেরকে স্টুডেন্ট আইডি কার্ড দেওয়া হয়নি এমনকি টাকাও ফেরত দেওয়া হয়নি। এইভাবে প্রায় ৬৬,২০,০০০/= (ছেষট্টি লক্ষ, বিশ হাজার) টাকা আত্মসাৎ করেছে।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, উপরিক্ত বিষয়ে তদন্ত সাপেক্ষে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

আবেদন গ্রহণ

স্বাক্ষর:..........................

বিদ্যালয় শাখা।

নিবেদক

বাউনিয়া আবদুল জলিল উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

বাউনিয়া, তুরাগ (উত্তরা), ঢাকা।

MPO CODE: 2610061301

EIIN: 108196

১। মোঃ আলমাছ উদ্দিন, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭৩৬-০০৬০৫৫

২। তাসলিমা আখতার, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭২১-৩৫২২১৬

৩। মোঃ শামসুল হক, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭১৫-৭৩২২৫১

৪। জিয়াসমিন ফারজানা, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭২২-৭১২৪৬৬

৫। মোঃ ফারুক হোসেন, সহকারী শিক্ষক, মোবাইল ০১৩০৫-২৭৯৯৪৭

৬। মোঃ আতিকুর রহমান, সহকারী শিক্ষক, মোবাইল ০১৭১০-৬৬৪৩১৪

৭। শাহানাজ আক্তার, সহকারী শিক্ষক, মোবাইল ০১৭২৬-৫৪০০৩৯৬

৮। শামীমা আক্তার, সহকারী শিক্ষক, মোবাইল ০১৯৩৮-৩০৯৭২৮

সংযুক্তি ঃ

১। ব্যাংক স্টেটমেন্টের স্ক্যানকপি ।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd


নং- ঢাশিবো/বি/২৭(গ)/ঢাকা/ ৫৭৫ তারিখ : ১৪/৬/২০২২

বিষয় : **তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের ২২/০৩/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর তুরাগ থানাধীন **বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়ের** প্রধান শিক্ষক ও অফিস সহকারীর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)। উক্ত বিষয়সহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টিএ/ডিএ প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৪/০৬/২০২২

**মোঃ আরিফুল হক**
বিদ্যালয় উপ-পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : (১) **জনাব মোহাম্মদ ছামিউল আলম**
বিদ্যালয় সহকারী-পরিদর্শক
(২) **জনাব মোঃ মঈন উদ্দিন**
বিদ্যালয় সহকারী-পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৬/৬/২০২২

মেমো নং- ৫৭৫(৫) তারিখ :

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। প্রধান শিক্ষক, **বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়,** ঢাকা ক্যান্টনমেন্ট, তুরাগ, ঢাকা।
৪। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। অফিস কপি।

**বিদ্যালয় উপ-পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

বরাবর

চেয়ারম্যান সাহেব,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

বকশী বাজার, ঢাকা।

বিষয়ঃ বাড্ডা আলাতুনেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় দক্ষিন বাড্ডা, বাড্ডা, ঢাকা-১২১২ এর নিয়মিত গভনিং বডি কমিটি পূর্নগঠন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ মানিক মিয়া, পিতা-মৃত লাল মোহাম্মদ, সাং- প-৭৯ মধ্য বাড্ডা, থানা-বাড্ডা, ঢাকা-১২১২। আমি অত্র বিদ্যালয়ের একজন ছাত্রীর অভিভাবক বটে। জনাব, লক্ষ্য করা যাইতেছে যে, অত্র বিদ্যালয়ে ২০২০ ইং সালের পর হইতে কোন নিয়মিত গভনিং বডি গঠন না করিয়া বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও অত্র এলাকার কুচক্রি মহল নিজেদের স্বার্থ চরিতার্থ করার স্বার্থে অত্র বিদ্যালয়ে নিয়মিত গভনিং বডি গঠন না করে একাধিকবার এডহক কমিটি গঠন করে বিদ্যালয়ের সকল প্রকার কার্য্যাধী পরিচালনা করে আসিতেছেন। যাহা অত্র বিদ্যালয়ের সকল প্রকার সুষ্ঠ পরিবেশের পরিপন্থি।

অতএব মহোদয়ের সমীপে আরোজ অত্র বিষয়টি গুরুত্বের সহিত বিবেচনা করিয়া ক্ষেত্র মতে তদন্ত করে নিয়মিত গভনিং বডি গঠনের বিহীত ব্যবস্থা গ্রহনের আদেশ দিতে জনাবের মর্জি হয়।

বিনীত নিবেদক

আপনার বিশ্বস্ত

তাং-১৮/০৫/২০২২ ইং।

১৮/০৫/২২

**(মোঃ মানিক মিয়া)**

পিতা- মৃতঃ লাল মোহাম্মদ

সাং-প-৭৯, মধ্যবাড্ডা

পোঃ-গুলশান, থানা-বাড্ডা

জেলা-ঢাকা-১২১২

মোবাঃ ০১৮১৯৯৪২২৬৪

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৭৩১/ক/স্বী/৯৭/২১০৬ তারিখ: ১৯/০৬/২০২২ খ্রি.

বিষয়: ঢাকা মহানগরীর বাড্ডা থানাধীন "বাড্ডা আলাতুন্নেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"- এর এডহক কমিটির অনিয়মের বিষয়ে তদন্ত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর বাড্ডা থানাধীন "বাড্ডা আলাতুন্নেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়"-এর এডহক কমিটির অনিয়মের বিষয়ে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত পূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**তদন্ত কমিটি:**

১। জনাব মোঃ আরিফুল হক
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

২। জনাব সুশান্ত কুমার রাহা
সহকারী কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

১৯/০৬/022

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ২১০৬(৬) তারিখ: ১৯/০৬/২০২২ খ্রি.

*সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:*

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। উপ-পরিচালক (হি. ও নি.), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। জনাব মোঃ আরিফুল হক, উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জনাব সুশান্ত কুমার রাহা, সহকারী কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি।

১৯/০৬/022

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

E:\ Khairuzzaman Chowdhury \College Section\ Letter- Investigation & Inspection.docx